গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
মিরপুর-২,ঢাকা-১২১৬

স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.০৩১.১৩-২৯(১১৪৫)

তারিখ: ১৫ মাঘ ১৪২৪
২৮ জানুয়ারি ২০১৮

বিষয়: বিষয় ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণ আয়োজন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৩) এর আওতায় ২০১৭-২০১৮ অর্থবছরে তাঁর ইউআরসিতে ০৬(ছয়) দিন ব্যাপি বিষয় ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ইতোমধ্যে তাঁর অনুকূলে প্রয়োজনীয় অর্থ ছাড় করা হয়েছে।

২। বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত তাঁর বরাবর প্রশিক্ষণ পরিকল্পনা এবং বাজেট বিভাজনের কপি প্রেরণ করা হলো। নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণপূর্বক যথাযথভাবে প্রশিক্ষণ পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।

ক) নিম্নবর্ণিত সময়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে। কোন কারণে সময় পরিবর্তন করতে হলে তা প্রশিক্ষণ বিভাগকে অবহিত করে পূর্বানুমতি সংগ্রহ করতে হবে।

- ১ম ব্যাচ: - ৩০/০১/২০১৮ - ০৪/০২/২০১৮
- ২য় ব্যাচ: - ০৬/০২/২০১৮ - ১১/০২/২০১৮
- ৩য় ব্যাচ: - ১৩/০২/২০১৮ - ১৮/০২/২০১৮

খ) উপজেলা শিক্ষা অফিসার শিক্ষকের নাম, পদবী ও অন্যন্য তথ্যাদি Training Tracking Software এ এন্ট্রি করে বিষয় ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণে শিক্ষক মনোনয়ন দিবেন। Training Tracking Software এ এন্ট্রি না করে মনোনয়ন দেয়া যাবে না।

গ) বিষয় ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণে প্রতি ব্যাচে ২৫ জন শিক্ষক প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করবেন। উপজেলা শিক্ষা অফিসার কেবলমাত্র বিদ্যালয়ের ইংরেজি বিষয়ে পাঠদানকারী শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দেবেন। কোন অবস্থাতে একজন শিক্ষক একাধিকবার উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না এবং একটি বিদ্যালয় হতে একই ব্যাচে একাধিক শিক্ষক মনোনয়ন দেয়া যাবে না।

ঘ) প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত প্রশিক্ষণ পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীদের সকাল ৮.৩০ ঘটিকায় প্রশিক্ষণ ভেন্যুতে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

ঙ) ইউআরসি ইন্সট্রাক্টরগণ বিষয় ভিত্তিক ইংরেজি (ToT) কোর্সে শুধুমাত্র B বা তদুর্ধ্ব গ্রেড প্রাপ্ত ০২(দুই) জন প্রশিক্ষককে উপজেলা শিক্ষা অফিসারের সাথে আলোচনাক্রমে প্রশিক্ষকের দায়িত্ব প্রদান করবেন।

চ) প্রশিক্ষকগণ প্রশিক্ষণ বিভাগ কর্তৃক সরবরাহকৃত প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী প্রশিক্ষণ পরিচালনা করবেন। ইউআরসি ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণ পরিচালনার প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করে নির্ধারিত দিনে সরবরাহ করবেন। বিভাজিত বাজেটের মধ্যে আর্থিক বিধি অনুযায়ী তথ্যজ্ঞ ব্যক্তিকে টিএ/ডিএ ও সম্মানী এবং আলোচক হিসেবে উপজেলা শিক্ষা অফিসারকে নির্ধারিত হারে ১ দিনের সম্মানি ও ভাতা প্রদান করবেন।

ছ) ইউআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইউআরসি ইন্সট্রাক্টর কোর্স কো- অর্ডিনেটর হিসেবে এবং সহকারী ইন্সট্রাক্টর সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য, কোর্স-কোঅর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালনের সময় একই ব্যক্তি অন্য কোন প্রশিক্ষণের প্রশিক্ষক/কো-অর্ডিনেটর/প্রশিক্ষণার্থী/সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না। মনোনীত তথ্যজ্ঞ ব্যক্তি প্রশিক্ষণ পরিদর্শনে গেলে ইতোপূর্বে প্রেরিত তথ্য ছক পূরণপূর্বক dirtraindpe@gmail.com ঠিকানায় প্রতিবেদন প্রেরণ করতে হবে।

জ) প্রশিক্ষণের সমাপনী দিনে সকল অংশগ্রহণকারীকে প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্র প্রদান করতে হবে।

ঝ) প্রশিক্ষণ সমাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে প্রশিক্ষণার্থী, প্রশিক্ষকের নাম, সংখ্যা এবং ব্যয়িত ও উদ্বৃত্ত অর্থের হিসাব বিবরণী (SOE) সহ একটি প্রতিবেদন পরিচালক (প্রশিক্ষণ) ও পরিচালক (অর্থ) বরাবর প্রেরণ করবেন।

ঞ) ইউআরসি ইন্সট্রাক্টরগণ আলোচ্য প্রশিক্ষণের জন্য আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং তিনি যে কোন আর্থিক অনিয়মের জন্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

সংযুক্ত: বাজেট বিভাজনের কপি।

২৮/১/২০১৮

মোঃ আব্দুর রউফ
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন: ৫৫০৭-৪৯৪৬

ইন্সট্রাক্টর, টিআরসি /ইউআরসি..........................
থানা/উপজেলা............................................।

অনুলিপি:

১। পরিচালক, প্রশাসন/ অর্থ ও সংগ্রহ/ পলিসি ও অপারেশন/পরিকল্পনা ও উন্নয়ন/ মনি: ও মূল্যা/প্রোগ্রাম/সেকেন্ডচান্স, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট..................................পিটিআই (সংশ্লিষ্ট ইউআরসি ইন্সট্রাক্টরকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৩। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.........................................................
৪। উপজেলা শিক্ষা অফিসার..............উপজেলা................জেলা (বর্ণিত প্রশিক্ষণ কোর্সে অংগ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট ইউআরসি ইন্সট্রাক্টর এর সাথে আলোচনা পূর্বক কেবলমাত্র ইংরেজি বিষয়ে পাঠদানকারী ২৫ জন শিক্ষককে প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থী হিসেবে যথাসময়ে ডেপুটেশন প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২,ঢাকা-১২১৬

প্রশিক্ষণের শিরোনাম : ২০১৭ - ২০১৮ অর্থবছরে অনুষ্ঠেয় বিষয় ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষকদের প্রশিক্ষণ এর বাজেট বিভাজন

নাম : বিষয় ভিত্তিক (ইংরেজি) প্রশিক্ষণ

মেয়াদ : ০৬ (ছয়) দিন

ব্যাচ সংখ্যা : প্রতি ব্যাচের অংশগ্রহণকারী :- ২৫ জন শিক্ষক (প্রাথমিক বিদ্যালয়ের ইংরেজি বিষয়ে পাঠদানকারী শিক্ষক)

সম্ভাব্য তারিখ : ৩০ জানুয়ারি ২০১৮

ভেন্যু : ৫০৫ টি ইউআরসি

## বাজেট বিভাজন

| ক্রঃ নং | বিবরণ | একক ব্যয় | দিন | সংখ্যা (জন) | মোট ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | কোর্স কোঅর্ডিনেটর এর সম্মানী | ৬০০.০০ | ১ | ১ | ৬০০.০০ |
| ২ | প্রশিক্ষকের দৈনিক ভাতা | ৫০০.০০ | ৬ | ২ | ৬০০০.০০ |
| ৩ | অংশগ্রহণকারীদের দৈনিক ভাতা | ২৫০.০০ | ৬ | ২৫ | ৩৭৫০০.০০ |
| ৪ | খাবার ভাতা (১ জন কোঅর্ডিনেটর, ২ জন প্রশিক্ষক, ২ জন সাপোর্ট সার্ভিস) | ২৮০.০০ | ৬ | ৫ | ৮৪০০.০০ |
| ৫ | অংশগ্রহণকারীদের খাবার ভাতা (সকাল ও বিকালের নাস্তা সহ) | ২৮০.০০ | ৬ | ২৫ | ৪২০০০.০০ |
| ৬ | প্রশিক্ষক ও অংশগ্রহণকারীদের যাতায়াত ভাতা | ১০০ | ৬ | ২৭ | ১৬২০০.০০ |
| ৭ | ব্যাগ (অংশগ্রহণকারী -১ও প্রশিক্ষক) সকল ব্যাচে ১টি | ৫০০.০০ | - | ২৭ | ১৩৫০০.০০ |
| ৮ | অংশগ্রহণকারীদের কোর্স ম্যাটেরিয়ালস (রাইটিং প্যাড,কলম) | ৩০.০০ | - | ২৫ | ৭৫০.০০ |
| ৯ | সাপোর্ট সার্ভিস ভাতা | ২০০.০০ | ৬ | ২ | ২৪০০.০০ |
| ১০ | বিবিধ(পোষ্টার পেপার, মার্কার, আর্ট পেপার, সাইন পেন, ভিপ কার্ড ইত্যাদি) | | | | ২০০০.০০ |
| ১১ | প্রতি ব্যাচে ব্যয় | | | | ১২৯৩৫০.০০ |
| ১২ | ১২০০ ব্যাচে ব্যয় | | | | **১৫,৫২,২০,০০০.০০** |
| ১৩ | সহায়ক কর্মকর্তার সম্মানী ৫০০/-(প্রতি ব্যাচ) | প্রতি ব্যাচে ২১৮০/- | | | ৫,১২,৩০০.০০ |
| ১৪ | সহায়ক কর্মকর্তার খাবার ভাতা (২৮০ × ৬)= ১৬৮০/-(প্রতি ব্যাচে) | | | | |
| ১৫ | ব্যনার (সকল ব্যাচের জন্য ১টি) | ৮০০ | | ৫০৫ | ৪০৪০০০.০০ |
| ১৬ | তথ্যজ্ঞ ব্যক্তির সম্মানী -৮০০ | প্রতি ভেন্যুতে ২/১ বার | | | ১৯,৭০৪৮০.০০ |
| ১৭ | তথ্যজ্ঞ ব্যক্তির খাবার ভাতা - ২৮০ | | | | |
| ১৮ | তথ্যজ্ঞ ব্যক্তি টিএ/ডিএ - (সরকারি বিধি মোতাবেক, বাজেটে উল্লেখিত টাকার অধিক নয়) | | | | |
| | ১২০০ ব্যাচে সর্বমোট- ১৫,৮১,০৬,৭৮০ .০০ | | | | |
| | কথায়: পনের কোটি একাশি লক্ষ ছয় হাজার সাতশ আশি টাকা মাত্র। | | | | |

স্বাক্ষরিত/-
মোঃ আব্দুর রউফ
পরিচালক (প্রশিক্ষণ)